| ৩০. | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি (মেজর বা সমমানের পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| ৩১. | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি (উপপরিচালকের নিম্নে নয়) | - | সদস্য |
| ৩২. | বিএনসিসি এর একজন উপযুক্ত প্রতিনিধি (মেজর বা সমমানের পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| ৩৩. | বাংলাদেশ পুলিশ (বিশেষ শাখা) এর একজন উপযুক্ত প্রতিনিধি (এসপি/এআইজি এর নিম্নে নয়) | - | সদস্য |
| ৩৪. | যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(১) আমন্ত্রণপত্র বিতরণ ও আসন ব্যবস্থা সংক্রান্ত তদারকি ও সমন্বয়।

(২) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

অপর পৃষ্ঠা-১৪ দ্রষ্টব্য

৫.০ সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে কমিটি/উপকমিটির সদস্যগণকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহবান জানানো হয় এবং মহান বিজয় দিবস, ২০২২ এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৮/২২

(আ. ক. ম মোজাম্মেল হক, এমপি)
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠা-১৫ দ্রষ্টব্য

সংযোজনী-ক

৩.১ আলোচনা ও সিদ্ধান্তঃ

৩.০২ সম্ভাব্য জাতীয় কর্মসূচির ০১ ক্রমিকে বর্ণিত মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রস্তুতকরণ এর বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধিকে এ বিষয়ে সার্বিক প্রস্তুতি গ্রহণপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সংগ্রহ করে বাংলাদেশ বেতার প্রচার করার ব্যবস্থা গ্রহণ করবে।

৩.০৩ জাতীয় কর্মসূচির ০২ ক্রমিকে বর্ণিত সাধারণ ছুটির বিষয়ে সভায় জানানো হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় দিবসটিকে সাধারণ ছুটি হিসাবে ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ঐদিন সাধারণ ছুটি থাকলেও সকল সরকারী/বেসরকারী/দপ্তর/প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানে মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠান অয়োজন এবং উক্ত অনুষ্ঠানসমূহে সকলের উপস্থিতির উপর সভায় গুরুত্বারোপ করা হয়। সভাপতি এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি সাধারণ ছুটির এ দিবসটি যথাযথ মর্যাদার সাথে উদযাপনের জন্য সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচি উদযাপন/পালন/অংশগ্রহণ নিশ্চিত করার আহবান জানান ;

৩.০৪ জাতীয় কর্মসূচির ০৩ (ক) ক্রমিকে বর্ণিত সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন এর বিষয়ে সভায় জানানো হয় যে, জাতীয় পতাকাকে সম্মান জানানো আমাদের সকলের সাংবিধানিক দায়িত্ব। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। পতাকার ব্যবহার, রং, পরিমাপ ইত্যাদি বিষয়ে পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়। এছাড়া পতাকা আইন যথাযথভাবে প্রতিপালনে জনসাধারণকে উদ্বুদ্ধকরণসহ এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জননিরাপত্তা বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণ তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করবেন মর্মে সভাকে অবহিত করেন।

৩.০৫ ৩(খ) ক্রমিকে বর্ণিত ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে সভায় আলোচনা হয়। সরকার প্রচলিত পরিমাপ অনুযায়ী জাতীয় পতাকা তৈরি করে তা উত্তোলনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়।

৩.০৬ ৩(গ) ক্রমিকে বর্ণিত আলোকসজ্জা কর্মসূচির বিষয়ে সভায় আলোচনা হয়। বিদ্যুৎ পরিস্থিতি বিবেচনায় আলোকসজ্জা করার বিষয়ে সংশ্লিষ্ট সকলের সিদ্ধান্ত গ্রহণ করার বিষয় সভায় আলোচনা হয়। সভাপতি মহোদয় ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আগামী **১৫-১২-২০২২ এবং ১৬-১২-২০২২ (উভয় দিন) সন্ধ্যা থেকে রাত ০১ টা পর্যন্ত** পরিস্থিতি বিবেচনায় আলোকসজ্জা করার নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রদ্বয়সহ দেশের সকল সিটি কর্পোরেশন এবং পৌরসভার সম্মানিত মেয়রগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানানো হয়। সভায় গণপূর্তের প্রতিনিধি জানান, মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইভেন্ট, এটার সাথে আমাদের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর সম্পৃক্ত। তিনি প্রতিবছরের ন্যায় এবারও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যেভাবে চাইবেন সেভাবেই সকল কার্যক্রম সম্পন্ন করবেন বলে নিশচয়তা প্রদান করেন। তিনি আরও জানান, সাভার স্মৃতিসৌধ, জাতীয় প্যারেড গ্রাউন্ড, বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধ, সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ পরিস্কার পরিচ্ছন্নসহ মেরামতের কাজ যথাযথভাবে সম্পাদন করবেন।

অপর পৃষ্ঠা-১৬ দ্রষ্টব্য

৩.০৭ ৪ (ক ও খ) নম্বর ক্রমিকে বর্ণিত কর্মসূচির মধ্যে ঢাকায় এবং দেশের সকল জেলা ও উপজেলায় প্রত্যুষে একত্রিশবার তোপধ্বনির বিষয়ে সভায় উপস্থিত প্রতিনিধিগণ জানান, প্রতিবারের ন্যায় এবারও যথাযোগ্য মর্যাদায় তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা হবে। সভায় দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে যথাসময়ে তোপধ্বনি কর্মসূচি বাস্তবায়নে জেলা ও উপজেলা প্রশাসনকে সহায়তা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি মহোদয় বলেন, মহান বিজয় দিবসের প্রত্যুষে সূর্যোদয়ের সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। উক্ত সময়ের পূর্বে দেশের অন্য কোন স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান অথবা তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না। তিনি স্থানীয় সময় অনুযায়ী তোপধ্বনির কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৩.০৮ জাতীয় কর্মসূচির ৫, ৬, ৭ ক্রমিকে বর্ণিত সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ বিষয়ে উপস্থিত সংশ্লিস্ট প্রতিনিধিগণ জানান, অন্যান্য বছরের ন্যায় এবারও সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হবে। সভায় বাংলাদেশ বেতার ও টেলিভিশনকে অন্যান্য বছরের ন্যায় এবারও মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য যে সকল কর্মসূচি গ্রহণ করা হবে সকল কর্মসূচি সরাসরি সম্প্রচার করার অনুরোধ জানানো হয়। সভায় জানানো হয় যে, পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্রে মাননীয় প্রধানমন্ত্রীর আগমনের কমপক্ষে ৩০ মিনিট আগে অনুষ্ঠানস্থলে প্রবেশের সুস্পষ্ট নির্দেশনা থাকলেও অনেক অতিথি অনুষ্ঠান শুরুর পূর্বক্ষণে স্মৃতিসৌধে প্রবেশ করেন। এতে নিরাপত্তা ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। সভায় জাতীয় স্মৃতিসৌধের সম্মুখে স্থাপিত সকল অবৈধ ছাপড়া দোকান অপসারণসহ রাস্তার দুপাশে অন্যান্য অবৈধ দোকান উচ্ছেদের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। এছাড়া, সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। মহান বিজয় দিবসে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত জাতীয় স্মৃতিসৌধে দর্শনার্থীদের সমাগম হয় বিধায় দর্শনার্থীদের সুবিধা বিবেচনায় সাভার উপজেলা পরিষদ ও পৌরসভাকে মোবাইল টয়লেটের ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করা হয়।

৩.০৯ জাতীয় কর্মসূচির ৮ নম্বর ক্রমিকে বর্ণিত তেজগাঁও বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, মহান বিজয় দিবসের অন্যতম আকর্ষণীয় এবং শিক্ষণীয় কর্মসূচি জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ। বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ নৌবাহিনী, বাংলাদেশ বিমান বাহিনী, বাংলাদেশ পুলিশ, আনসারসহ সামরিক/আধাসামরিক বাহিনী সকাল ১০.৩০ টায় এই কুচকাওয়াজে অংশগ্রহণ করবে। এ বিষয়ে সেনা বাহিনীর প্রতিনিধি জানান, প্রতিবছর যেভাবে বিজয় দিবস উদযাপন করা হয়েছে সেভাবে উদযাপন করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.১০ সভাপতি জানান, জাতীয় কর্মসূচির ৮(খ) ক্রমিকে বর্ণিত কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর সুশৃঙ্খলভাবে প্রদর্শনী সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানের অংশ বিশেষ বিধায় অন্যান্য বছরের ন্যায় এবারও যান্ত্রিক বহর প্রদর্শনী অনুষ্ঠিত হবে। সভায় জানানো হয় যে, মহান বিজয় দিবসের কর্মসূচিতে ভারত ও রাশিয়ার War Veteransদের সস্ত্রীক বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানানো হয়। War Veterans দের সফর কর্মসূচি বাস্তবায়নের দায়িত্বে থাকেন সশস্ত্র বাহিনী বিভাগ, তাদের সম্মানে আয়োজিত কর্মসূচির অন্যতম আকর্ষণীয় কর্মসূচি সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ। এছাড়া, যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের যানবাহনের ফিটনেস সংক্রান্ত সনদ যতদ্রুত সম্ভব প্রদানের ব্যবস্থা গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করা হয়। সভায় উপস্থিত সদস্যদের অবগতির জন্য জানানো হয় যে,

অপর পৃষ্ঠা-১৭ দ্রষ্টব্য

কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রদর্শণীতে প্রত্যেক মন্ত্রণালয়/বিভগের ০১ (এক)টি করে যানবাহন অন্তর্ভুক্ত হবে। তবে যানবাহনের মাপ ৯ পদাতিক ডিভিশন নির্ধারণ করে দিবে। আগামি ৩০ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগের যানবাহন, সকল জনবল এবং ধারাভাষ্যের স্ক্রিপ্ট ৯ পদাতিক ডিভিশনের নিকট পৌছানো নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও প্রতিষ্ঠান বা দলের নাম যথাসময়ে ধারাবাহিকভাবে ধারাভাষ্যে অর্ন্তভুক্তি নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করা হয়।

৩.১১ কর্মসূচির ৯ ক্রমিকে বর্ণিত দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাংলাদেশ জেল দল, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, বাংলাদেশ স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠান এর বিষয়ে সভায় নতুন প্রজন্মের মাঝে মুক্তিযুদ্ধের চেতনাকে উজ্জীবিত করার লক্ষ্যে যথাযথ কর্মসূচি গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের মাধ্যমে কর্মসূচিটি বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। এছাড়াও সভায় বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের সকল স্তরে নিরাপত্তা প্রদানের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

৩.১২ কর্মসূচির ১০ ক্রমিকে বর্ণিত বাদ্য পরিবেশনের বিষয়ে সভায় আলোচনা হয়। জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা, সোহরাওয়ার্দী উদ্যান, সদরঘাট, ঢাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহে এবং পদ্মা বহুমুখী সেতুর পার্শ্বে বাদক দল কর্তৃক বেলা ৩.০০ ঘটিকা হতে ৬.০০ ঘটিকা পর্যন্ত বাদ্য পরিবেশন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩.১৩ সভায় জাতীয় কর্মসূচির ১১ ক্রমিকে বর্ণিত চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়নগঞ্জ) ও বরিশাল বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের সমন্বয়ের মাধ্যমে যৌথভাবে/ এককভাবে এবং চাঁদপুর ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় কোষ্টগার্ডের প্রতিনিধিকে এ বিষয়ে সকল আয়োজন সম্পন্ন করার অনুরোধ জানানো হয়।

৩.১৪ সভায় জাতীয় কর্মসূচির ১২ (ক) ও (খ) নম্বর ক্রমিকে বর্ণিত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। গতবারের মত এবারও ঢাকা সিটিতে মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদানের জন্য ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণসহ সকল সিটি কর্পোরেশনের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে কর্মসূচিটি বাস্তবায়নের আহবান জানানো হয়।

৩.১৫ জাতীয় কর্মসূচির ১৩ ক্রমিকে বর্ণিত জেলা ও উপজেলা সদরে স্কুল/কলেজ/মাদ্রাসা ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব) ফুটবল, কাবাডি ও হাডুডু খেলার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় মহান বিজয় দিবস উপলক্ষ্যে মাসব্যাপী বিভিন্ন খেলাধুলা আয়োজনের নিমিত্ত একটি পূর্ণাঙ্গ কর্মসূচি প্রস্তুত করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়। এছাড়া, মহিলাদের জন্য এ ধরণের পৃথক কর্মসূচি/ কার্যক্রম গ্রহণের জন্যও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।

৩.১৬ ১৪ ক্রমিকে বর্ণিত বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে প্রতিনিধি জানান, এ মন্ত্রণালয়ের ১৭টি দপ্তর/সংস্থা রয়েছে তার মধ্যে ৭টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক ইনস্টিটিউট আছে। সবাই স্থানীয়ভাবে জেলা প্রশাসন এবং জেলা পরিষদের সাথে সমন্বয় করে তাদের দিক নির্দেশনা মোতাবেক দিবসটি যথাযথ মর্যাদায় পালন করে থাকে। তারা বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান করে। এছাড়াও অনেক দপ্তর/সংস্থা আছে সবগুলোই পৃথক পৃথকভাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে দিবসগুলো পালন করে থাকে।

অপর পৃষ্ঠা-১৮ দ্রষ্টব্য

৩.১৭ ১৫ (ক) ক্রমিকে বর্ণিত 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তি সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়াম এর বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, অন্যান্য বারের ন্যায় এবারও যথাযথভাবে প্রস্তুতি গ্রহণ করা হবে। এছাড়া, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশনের সহায়তায় সকল মোবাইল ব্যবহারকারীদের SMS (Short Massage Service) এর মাধ্যমে মহান বিজয় দিবসের বার্তা প্রেরণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।


৩.১৮ ১৫ (খ) ক্রমিকে বর্ণিত জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করার জন্য সভায় আহবান জানানো হয়। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানে আয়োজিত কর্মসূচিতে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের ভাষায় বিবৃত রোমাঞ্চকর গুরুত্বপূর্ণ স্মৃতিসমূহ শিক্ষার্থীদের নিকট উপস্থাপনের যথাযথ ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট যথাযথ নির্দেশনা প্রেরণ করতে পারে। সভায় উক্ত কর্মসূচি সপ্তাহব্যাপী আয়োজনের উপর গুরুত্ব আরোপ করা হয়।

৩.১৯ জাতীয় কর্মসূচির ১৬ নম্বর ক্রমিকে বর্ণিত বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা ধারাবাহিকভাবে প্রচারের উপর গুরুত্ব আরোপ করা হয়। যথাসময়ে এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।

৩.২০ ১৭ নম্বর ক্রমিকে বর্ণিত মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সিনেমা হলসমূহে বিনা টিকিটে মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। গণ যোগাযোগ অধিদপ্তরের প্রতিনিধি জানান, পূর্বে সিনেমা হলগুলোতে আমাদের জেলা তথ্য অফিসের তদারকিতেই এই বিশেষ দিবসগুলোতে মহান মুক্তিযুদ্ধের বিষয়ে চলচ্চিত্র প্রদর্শনির আয়োজন করা হতো। এখন সেন্ট্রালি সারা দেশে অনলাইনে সিনেমা হলগুলোতে তাদের মুক্তিপ্রাপ্ত সিনেমাগুলো প্রদর্শিত হয়। এছাড়া জেলা পর্যায়ে জেলা প্রশাসন এবং তথ্য কর্মকর্তা বিষয়টি মনিটরিং করেন। সিনেমা হলগুলোতে কোন্ কোন্ ছবি প্রদর্শিত হবে এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করার জন্য সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় অনুরোধ জানান।

৩.২১ ১৮ নম্বর ক্রমিকে বর্ণিত সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, প্রতিবছরের মত এ বছরও সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র ও বিশেষ নিবন্ধ প্রকাশ করা হবে। প্রকাশিতব্য ক্রোড়পত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সচিব এর বাণী প্রকাশের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

৩.২২ কর্মসূচির ১৯ ক্রমিকে বর্ণিত বিষয়ে জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির. গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনার ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভায় সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমের বিষয়ে জনমত সৃষ্টির জন্য সকল মসজিদে বাদ জোহর মোনাজাত এবং অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহবান জানানো হয়। সভায় দেশের সকল মসজিদের ইমামগণকে কর্মসূচির সাথে সম্পৃক্ত করার জন্য ধর্ম মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানানো হয়।



অপর পৃষ্ঠা-১৯ দ্রষ্টব্য

৩.২৩ জাতীয় কর্মসূচির ২০ ক্রমিকে বর্ণিত দেশের সকল হাসপাতাল, জেলখানা, বৃদ্ধাশ্রম, এতিমখানা, ডে-কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র, শিশু পরিবার ও ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার সরবরাহ করার বিষয়ে আলোচনা করা হয়। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জানান, উন্নতমানের খাবার সরবরাহের জন্য এ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দের পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় বরাদ্দ রাখার অনুরোধ জানান।

৩.২৪ জাতীয় কর্মসূচির ২২(ক) ক্রমিকে বর্ণিত বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহ ও মিশনে বিজয় দিবসের প্রেক্ষাপটে মুক্তিযুদ্ধের ইতিহাস ভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের (বিদেশী অধ্যাপক/প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/শিল্পী-সাহিত্যিক/রাজনৈতিক ব্যক্তিবর্গ/সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের অংশগ্রহণে) নির্দেশনা প্রদান করা হয়।

৩.২৫ জাতীয় কর্মসূচির ২২(খ) ক্রমিকে বর্ণিত বিদেশের বিভিন্ন দৈনিক পত্রিকায় মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে ক্রোড়পত্র প্রকাশ এর বিষয়েও সভায় আলোচনা হয়। সভায় অন্যান্য বছরের ন্যায় এবছরও বিদেশী দৈনিক পত্রিকায় মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে ক্রোড়পত্র প্রকাশ করার নির্দেশনা প্রদান করা হয়। এই বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৩.২৬ জাতীয় কর্মসূচির ২৩ ক্রমিকে বর্ণিত ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক, সড়কদ্বীপসমূহ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণের বিষয়টি গুরুত্ব সহকারে সভায় আলোচনা হয়। বাস স্টেশন, লঞ্চ ঘাট, ফেরীঘাট জাতীয় পতাকাসহ অন্যান্য পতাকা দ্বারা সজ্জিত করা যেতে পারে। সাভার জাতীয় স্মৃতিসৌধে ভিভিআইপিগণের পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে ঢাকা-সাভার যাতায়াত পথের সড়ক সংস্কার, মেরামত এবং সড়ক দ্বীপ/ডিভাইডার রং করার বিষয়ে পূর্ব হতেই যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া রাস্তার উভয় পাশের ঝোপ-জঙ্গল, আবর্জনা, পরিষ্কার করার জন্য সাভার সিটি কর্পোরেশন/পৌরসভা মেয়রের সহযোগিতা কামনা করা হয়। সভায় সাভার জাতীয় স্মৃতিসৌধ পর্যন্ত সড়কে কোন প্রকার ফেস্টুন, পোস্টার, ব্যানার ওভারহেডে তোরণ নির্মাণ না করার উপর গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩.২৭ জাতীয় কর্মসূচির ২৪ ক্রমিকে বর্ণিত দেশের সকল সরকারি/বেসরকারি শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর ব্যবস্থা করা প্রসঙ্গে সভায় আলোচনা হয়। স্থানীয় সরকার বিভাগকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।

৩.২৮ জাতীয় কর্মসূচির ২৫ ক্রমিকে বর্ণিত জাতীয় ও জেলা পর্যায়ে মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক নির্ধারিত সময়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

৩.২৯ জাতীয় কর্মসূচির ২৬ ক্রমিকে বর্ণিত বিনা টিকিটে সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি মহোদয় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর উন্মুক্ত রাখার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সকল সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখার বিষয়ে সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

৩.৩০ জাতীয় কর্মসূচির ২৭ ক্রমিকে বর্ণিত সোহরাওয়ার্দী উদ্যানস্থ ভূ-গর্ভস্থ জাদুঘর ও উন্মুক্ত মঞ্চে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক প্রামাণ্যচিত্র/পোস্টার প্রদর্শনীসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়।

অপর পৃষ্ঠা-২০ দ্রষ্টব্য

৩.৩১ জাতীয় কর্মসূচির ২৮ ক্রমিকে বর্ণিত স্মারক ডাকটিকিট অবমুক্তির বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং যথা সময়ে স্মারক ডাকটিকিট অবমুক্ত করার জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও সভায় স্মারক ডাকটিকিট অবমুক্তির সময়সূচির বিষয়ে যথাসময়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে অনুরোধ করা হয়। ।

৩.৩২ **অধিকন্তু, সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ**

৩.৩৩ মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী ভিডিওতে ধারণ করে বাংলাদেশের সকল মিশনসমূহে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বাণীও সংযোজন করতে হবে।

**বাস্তবায়নেঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়।**

৩.৩৪ মহান বিজয় দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি/বেসরকারি) মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। সকল সরকারি কর্মচারীকে বিভিন্ন রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। **বাস্তবায়নেঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়।**

৩.৩৫ সকল সরকারি আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসহ ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথ ভাবে উত্তোলন করতে হবে। পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকার মাপ, রং এবং ব্যবহার সংক্রান্ত বিষয়ে পত্র-পত্রিকায় এবং বেতার-টেলিভিশনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নেঃ মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)।**

৩.৩৬ গুরুত্বপূর্ণ সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জার বিষয়ে পরিস্থিতি বিবেচনায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে মর্মে সভাকে অবহিত করা হয়।

**বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/কর্তৃপক্ষ ও বেসরকারি ভবনের মালিকগণ।**

৩.৩৭ ঢাকায় এবং দেশের সকল জেলা ও উপজেলায় প্রত্যুষে সূর্যোদয়ের সাথে সাথে ৩১ (একত্রিশ) বার তোপধ্বনির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রথম তোপধ্বনি থেকে পরবর্তী তোপধ্বনিসমূহের বিরতি (Gap) একই হতে হবে। মহান বিজয় দিবসের প্রত্যুষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতির পক্ষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পূর্বে দেশের অন্য কোন স্থানে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠান অথবা তোপধ্বনির কার্যক্রম গ্রহণ করা যাবে না। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি নির্দেশনা জারির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নেঃ মন্ত্রিপরিষদ বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ পুলিশ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।**

৩.৩৮ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানের আমন্ত্রণপত্র বিতরণের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর আগমনের কমপক্ষে ৩০ মিনিট আগে আমন্ত্রিত অতিথিবর্গকে অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে হবে। জাতীয় স্মৃতিসৌধের সম্মুখের সীমানা প্রাচীরের সাথে অবস্থিত দোকানপাট এবং বাসস্ট্যান্ড দ্রুত অপসারণ করতে হবে। লেকের পানি নিয়মিত পরিষ্কার করা এবং প্রয়োজনীয় মেরামত ও সংস্কারসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান রেখে নির্ধারিত সময়ের পূর্বেই সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ঢাকা-সাভার স্মৃতিসৌধের রাস্তা সংস্কার, মেরামত, রং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঢাকা হতে সাভার স্মৃতিসৌধ পর্যন্ত রাস্তার পাশে পোস্টার, ফেস্টুন, ব্যানার ও ওভারহেড তোরণ নির্মাণ করা যাবে না ।

অপর পৃষ্ঠা-২১ দ্রষ্টব্য

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা ও উপজেলা নির্বাহী অফিসার, সাভার, মেয়র, সাভার পৌরসভা;

৩.৩৯ আসন্ন মহান বিজয় দিবসের সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠান সকাল ১০.৩০ টায় আরম্ভ হবে। তবে সেক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমতিক্রমে সময়সূচি চূড়ান্ত হবে। অনুষ্ঠানের ধারাভাষ্য যথাসময়ে এবং যথাযথভাবে বর্ণনা করার নিমিত্ত ধারাভাষ্য মঞ্চ থেকে যাতে কুচকাওয়াজ ও যান্ত্রিক কলাম সহজে দৃশ্যমান হয়, সে রকম স্থান নির্ধারণ করতে হবে। তাছাড়া যান্ত্রিক বহর প্রদর্শনের সময় যান্ত্রিক বহর মূল্যায়ন কমিটির জন্য এমন একটি উপযুক্ত বসার স্থান নির্ধারণ করতে হবে যেখানে কাছ থেকে যান্ত্রিক বহর ভালোভাবে সহজে দৃশ্যমান হয়। প্যারেড স্কয়ারের আশেপাশের এলাকা যথাযথভাবে পরিষ্কার/পরিচ্ছন্ন করতে হবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার কর্তৃক বিভিন্ন বাহিনী কর্তৃক যে বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে সেটা সরাসরি সম্প্রচার করতে হবে। প্যারেড স্কয়ারের পোডিয়ামের সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ৯ পদাতিক ডিভিশন, বাংলাদেশ বিমান বাহিনী, সিভিল এভিয়েশন, গণপূর্ত অধিদপ্তর, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ/ বিআরটিএ, ঢাকা।

৩.৪০ কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রদর্শনীতে প্রত্যেক মন্ত্রণালয়/বিভগের ০১ (এক)টি করে যানবাহন অন্তর্ভুক্ত হবে। তবে যানবাহনের মাপ ৯ পদাতিক ডিভিশন নির্ধারণ করে দিবে। আগামি ৩০ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগের যানবাহন, সকল জনবল এবং ধারাভাষ্যের স্ক্রিপ্ট ৯ পদাতিক ডিভিশনের নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে। প্রতিষ্ঠান বা দলের নাম যথাসময়ে ধারাবাহিকভাবে ধারাভাষ্যে অর্ন্তভুক্তি নিশ্চিত করতে হবে। এছাড়া, যান্ত্রিক বহরে অংশগ্রহণের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের যানবাহনের ফিটনেস সংক্রান্ত সনদ যত দ্রুত সম্ভব প্রদান করতে হবে।

বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ৯ পদাতিক ডিভিশন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ বিআরটিএ, ঢাকা।

৩.৪১ মহান বিজয় দিবসের কর্মসূচিতে War Veterans দের সস্ত্রীক বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানাতে হবে।
বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ৯ পদাতিক ডিভিশন, পররাষ্ট্র মন্ত্রণালয়।

৩.৪২ চট্টগ্রাম, খুলনা, মংলা ও পায়রা বন্দর, ঢাকার সদরঘাট, পাগলা (নারায়নগঞ্জ) ও বরিশাল বিআইডব্লিউটিসি এর ঘাটে বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ডের সমন্বয়ের মাধ্যমে যৌথভাবে/ এককভাবে এবং চাঁদপুর ও মুন্সীগঞ্জ লঞ্চঘাটে বাংলাদেশ কোস্টগার্ডের জাহাজসমূহ বিকাল ২টা হতে ঐদিন সূর্যাস্ত পর্যন্ত জনসাধারণের দর্শনের জন্য উন্মুক্ত রাখতে হবে।

বাস্তবায়নেঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ নৌবাহিনী ও বাংলাদেশ কোস্টগার্ড, জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।

৩.৪৩ সকল সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে সমন্বয়পূর্বক 'বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যগণের সংবর্ধনা' প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নেঃ সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।

৩.৪৪ 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়ামের আয়োজন করতে হবে।

বাস্তবায়নেঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), মেয়র, সিটি কর্পোরেশন/পৌরসভা।

৩.৪৫ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনসহ জাতীয় পর্যায়ে/সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচিটি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে তাঁদের কণ্ঠে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নেঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, স্বাস্থ্য পরিবার ও কল্যাণ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

অপর পৃষ্ঠা-২২ দ্রষ্টব্য

৩.৪৬ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস ভিত্তিক অনুষ্ঠানমালা ধারাবাহিকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে **হবে;**

**বাস্তবায়নেঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।**

৩.৪৭ প্রতি বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র ও নিবন্ধ প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকাশিতব্য ক্রোড়পত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং সচিবের বাণী প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক্রোড়পত্রের খসড়া প্রস্তুত করে তা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতঃ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে তা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নেঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।**

৩.৪৮ বাংলাদেশ নৌবাহিনী জাদুঘর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরসহ সকল সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘর বিনা টিকিটে সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখতে হবে;

**বাস্তবায়নেঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ।**

৩.৪৯ জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমের বিষয়ে জনমত সৃষ্টির জন্য সকল মসজিদে বাদ জোহর মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে প্রার্থনার ব্যবস্থা করতে হবে। দেশের সকল মসজিদের ইমাম/মন্দিরের পুরোহিত/গীর্জার ফাদার/বৌদ্ধ মন্দিরের ভিক্ষুকে কর্মসূচির সাথে সম্পৃক্ত করতে হবে।

**বাস্তবায়নেঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় , ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, খ্রীষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।**

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২২- ০৯ তারিখ: ০২ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা/ নৌবাহিনী প্রধান, বাংলাদেশ নৌবাহিনী, বনানী, ঢাকা/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, সদর দপ্তর, ঢাকা।

অপর পৃষ্ঠা-২৩ দ্রষ্টব্য

১৬) প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৭) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮) সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
১৯) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২০) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
২৩) সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
২৪) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২৫) সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭) সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২) সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৩৩) সচিব , বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
৩৪) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮) সচিব, সেতু বিভাগ, মহাখালী, বনানী, ঢাকা।
৩৯) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১) সচিব , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩) সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৪) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৪৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৪৬) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৭) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৮) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৯) সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা।
৫০) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫১) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫২) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৪) সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৫) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৬) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৮) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫৯) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
৬০) এ্যাডজুট্যান্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬১) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৬২) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, সেগুনবাগিচা, ঢাকা।

অপর পৃষ্ঠা-২৪ দ্রষ্টব্য

৬৩) জিওসি, ৯ পদাতিক ডিভিশন, সাভার সেনানিবাস, ঢাকা।
৬৪) মহাপরিচালক (বিজিবি), বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা রোড, ঢাকা।
৬৫) মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
৬৬) মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব ফোর্সেস সদর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯
৬৭) মহাপরিচালক, কোষ্ট গার্ড সদর দপ্তর, আগারগাঁও, , ঢাকা-১২০৭
৬৮) বিভাগীয় কমিশনার (সকল), ........................জেলা।
৬৯) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা।
৭০) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭১) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭২) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭৪) প্রধান স্থপতি (চলতি দায়িত্ব), স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭৫) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, কাকরাইল, ঢাকা।
৭৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা।
৭৭) মহাপরিচালক (চলতি দায়িত্ব), গণযোগাযোগ অধিদপ্তর, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৭৮) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৭৯) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৮০) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি,, গুলশান-২, ঢাকা।
৮১) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৮২) প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
৮৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৮৪) মহাপরিচালক, বিএনসিসি, ঈশাখা এভিনিউ, উত্তরা, ঢাকা।
৮৫) কারা মহাপরিদর্শক, কারা মহাপরিদর্শকের দপ্তর , কারা অধিদপ্তর
৮৬) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, পল্টন, ঢাকা।
৮৭) জেলা প্রশাসক (সকল), ........................জেলা।
৮৮) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
৮৯) ট্রাস্টি, মুক্তিযুদ্ধ যাদুঘর, আগারগাঁও, ঢাকা।
৯০) পুলিশ সুপার (সকল), ........................জেলা।
৯১) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯২) নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা।
৯৩) চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯৪) প্রধান বৃক্ষপালনবিদ, আরবরি কালচার, সেগুনবাগিচা, ঢাকা।
৯৫) সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৯৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ........................জেলা।
৯৭) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা , মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
৯৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মহোদয়ের সদয় অবগতির জন্য
৯৯) যুগ্ম সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-মহোদয়ের সদয় অবগতির জন্য।

২৭/০৮/২০২২

(দেবাশীষ নাগ)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোন-৯৫৭৮৬৪৮
info.molwa@yahoo.com